

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :

স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, আশাশুনি, সাতক্ষীরা।  
তারিখ : ১১/০৫/২০২২ খ্রিঃ।  
সময় : সকাল ১১.০০ ঘটিকা  
সভাপতি : জনাব মোসাঃ মোসলেমা খাতুন মিলি  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।

উপস্থিত অনুপস্থিত পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

আলোচ্য সূচী :

- ১। খরিফ-১/২০২২-২৩ মৌসুমের কার্যক্রম।
- ২। রাজস্ব খাতের আওতায় প্রদর্শনীর বর্তমান অবস্থা।
- ৩। জিকেবিএসপি প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৪। অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৫। ক্লাইমেট স্মার্ট প্রযুক্তি মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প।

অন্যকার সভার সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্য শেষে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার আশাশুনি সাতক্ষীরা কে আহ্বান জানান।

অতঃপর উপজেলা কৃষি অফিসার ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব মহোদয় বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী ছাড়াই তা দৃষ্টিকরন করা হয়। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, খরিফ-১/২০২২-২৩ মৌসুমে বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীর বর্তমান অবস্থা ভাল।

রাজস্ব খাতের অর্থায়নে খরিফ-১/২০২১-২২ মৌসুমে আউশ ১০টি ও পাট ১০ টি সর্বমোট = ২০ টি প্রদর্শনীরসহ গ্রহণ করন/ফলোআপ কার্যক্রমণও বাস্তবায়িত হয়েছে। যার বর্তমান অবস্থা সন্তোষজনক।

জিকেবিএসপি প্রকল্পের আওতায় প্রদর্শনী পাট ০৫ টি, আউশ জাত প্রদর্শনী ০২ টি আউশ ব্লক প্রদর্শনী ০১ টি, জৈব কৃষি ও জৈবিক বালাই ব্যবস্থাপনা ০১ টি, উচ্চমূল্য সবজি ০১ টি, গ্রীষ্মকালীন টমেটো ০২ টি, পেঁয়াজ ০১ টি, অফসিজেন তরমুজ ০১ টি, চুই গ্রাম ০১ টি ও সজিনা গ্রাম ০১ টি সহ সকল প্রদর্শনী বাস্তবায়িত হয়েছে। যার অবস্থা সন্তোষজনক।

ক্লাইমেট স্মার্ট প্রযুক্তি মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় খরিফ-১/২০২২-২৩ মৌসুমে লবণসহিষ্ণু আউশ ০৪ টি, একক/ মিশ্র ফল বাগান ০৩ টি, ফল বাগান ব্যবস্থাপনা ও আন্তঃ ফসল ০২ টি, অফ সিজেন তরমুজ ১০ টি, লবণাক্ত জমিতে নিরাপদ সবজি ১০ টি, রিজ এন্ড ফারো পদ্ধতি সবজি ০২ টি, পলিমালচ ব্যবস্থাপনা সবজি ০২ টি, ঘেরের আইলে লতানো সবজি ০৩ টি, ক্লাইমেট কৃষি প্রযুক্তি টাওয়ার ও বস্তা পদ্ধতিতে সবজি চাষ ০১ টি, ভার্মি কম্পোস্ট ০৬ টি ও ট্রাইকো কম্পোস্ট ০৪ টি প্রদর্শনীর বাস্তবায়িত হয়েছে।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ভূট্টা ১০০ বিঘা ও বোরো ১৩০০ বিঘা মোট ১৪০০ বিঘা জমির ফসল কর্তন সম্পন্ন হয়েছে এবং কৃষি প্রণোদনা বীজ সহায়তা কর্মসূচীর আওতায় ২০০০ কৃষককে ২০০০ বিঘা জমির হাইব্রিড বোরো এসএল-৮ এইচ কর্তন সম্পন্ন হয়েছে।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় অধিকাংশ জমি লবনাক্ত হওয়ায় কৃষকগণ গতানুগতিকভাবে চাষাবাদ করে আসছেন। এ বিষয় উত্তরণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এমতাবস্থায় উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে কৃষকদেরকে আরও গতিশীল ও বেগবান করার জন্য বিষয়ভিত্তিক কার্যকরী প্রশিক্ষণের প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলাতে বিদ্যমান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলাতে এ পর্যন্ত ১৭৮ টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। প্রদর্শনীর অবস্থা সন্তোষজনক।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোসাঃ মোসলেমা খাতুন (মিলি)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

আশাশুনি, সাতক্ষীরা।

তারিখ-

১১/০৫/২০২২

(মোঃ রাজিবুল হাসান)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নং-১২.১৮.৮৭০৪.০০২.১৪.০১০.২০-

(৩০৯)

সদস্য অবগতির জন্য প্রেরিত হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। অফিস কপি।